তারিখ 21 DEC 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...

আজকের কাগজ

# কাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সমিতির নির্বাচন

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** আগামীকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন। এ নির্বাচনে চারটি প্যানেলে ৬০ জন শিক্ষক প্রতিদ্বন্দ্বিতা করবেন। প্রায় ১১শ' শিক্ষক প্রত্যক্ষ ভোটে সমিতির ১৫ জন প্রতিনিধি নির্বাচন করবেন। নীল, গোলাপী, 'সাদা সম্মিলিত' এবং 'সাদা'-এ ৪টি প্যানেলে, নির্বাচন হবে। 'সাদা' প্যানেলের নেতা ও কর্মিরা নিজেদের মূল সাদা দল দাবি করছেন। সাদার এ দলটি জামাতপন্থী এবং এদের মধ্যে দু'জন জামাতের 'রোকন' বলে জানা গেছে। তবে উভয় সাদা দলই নিজেদেরকে 'বাংলাদেশী জাতীয়তাবাদ'-এ আদর্শায়িত বলে প্রচার করছে। অনেকের ধারণা, এবারের নির্বাচনে নীল প্যানেলের অবস্থানটি বেশ মজবুত। সাদা দলের ভোট দু'টি প্যানেলে ভাগ হয়ে যাবে। আর গোলাপী প্যানেল দলগতভাবে খুব শক্তিশালী নয়। তবু অনেকেই মনে করেন এবারের প্রতিদ্বন্দ্বিতা নীল ও গোলাপীর মধ্যেই হবে। এ ব্যাপারে নীল দলের একজন উর্ধ্বতন নেতা জানান, সাদার দু'টি দলে ভাগ হওয়া এক ধরনের চাতুরী। প্রতিদ্বন্দ্বিতা নীল ও সরকার সমর্থিত সম্মিলিত সাদা দলের সঙ্গেই হবে।